# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763


স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/ ২৮ তারিখঃ ১৯-০২-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

"মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার তজুমদ্দিন উপজেলার চাঁদপুর ও চাঁচড়া ইউনিয়নসহ গুরিন্দা বাজার, দাসেরহাট বাজার, খাসের হাট বাজার এবং আনন্দ বাজার সংরক্ষণ" ও "ভোলা জেলার লালমোহন উপজেলা অতি ঝুঁকিপূর্ণ অংশে নদী তীর সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়)" এর পুর্নবাসনসহ "লালমোহন খাল পুনঃখনন প্রকল্প" ডিপিপি প্রণয়নের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমম্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, বরিশাল। | সদস্য |
| ৩। | জনাব এ কে এম এনামুল হক, নির্বাহী প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাবা সালমা বেগম, উপ-প্রধান (সমাজবিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ রহমত আলী, উপ-প্রধান (মৎস্য), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ জিয়াউল আমিন, সহকারী প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৮। | **জনাব মোঃ আমিরুল ইসলাম, পরিচালক, সার্ভে এন্ড ডাটা ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা।** | সদস্য |
| ৯। | **জনাব পিন্টু কানুন গোয়, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।** | সদস্য |
| ১০। | নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২ বিভাগ, বাপাউবো, ভোলা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত এলাকায় নদী ভাঙ্গনের কারণ ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় প্রতিরক্ষা কাজ নির্ণয়/যাচাই করবেন;

গ) প্রস্তাবিত এলাকায় নদী/খালসমূহের ভাঙ্গন প্রতিরোধকল্পে স্থায়ী নদী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং দাখিলকৃত প্রতিবেদন চূড়ান্তকরনের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, বরিশাল।
৩। জনাব এ কে এম এনামুল হক, নির্বাহী প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৪। জনাবা সালমা বেগম, উপ-প্রধান (সমাজবিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ রহমত আলী, উপ-প্রধান (মৎস্য), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ জিয়াউল আমিন, সহকারী প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮। জনাব মোঃ আমিরুল ইসলাম, পরিচালক, সার্ভে এন্ড ডাটা ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা।
৯। জনাব পিন্টু কানুন গোয়, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
১০। নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২ বিভাগ, বাপাউবো, ভোলা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
২-৩। প্রধান পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৪-৫। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল/নকশা, বাপাউবো, ঢাকা / বরিশাল
৬-৮। পরিচালক, পরিকল্পনা-৩/কার্যক্রম পরিদপ্তর/ প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৯। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১১-১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১৩। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা।